# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৮৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

## بَابُ الْبَيَانِ وَالشِّعْرِ

আরবী

وَعَن البَراءِ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ قُرَيْظَةَ لِحَسَّانَ بْنِ ثَابِتٍ: «اهْجُ الْمُشْرِكِينَ فَإِنَّ جِبْرِيلَ مَعَكَ» وَكَانَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لِحَسَّانَ: «أَجِبْ عَنِّي اللَّهُمَّ أَيِّدْه بروحِ الْقُدس» . مُتَّفق عَلَيْهِ

বাংলা

৪৭৮৯-[৭] বারা’ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্বুরায়যার দিন (যেদিন ইয়াহূদী কুরায়যাহ্ গোত্রকে অবরোধ করেছিলেন) হাসসান ইবনু সাবিত (রাঃ)-কে বললেনঃ তুমি মুশরিকদের বিরুদ্ধে ব্যঙ্গ বা বিদ্রূপাত্মক কবিতা আবৃত্তি করো! জিবরীল (আ.) তোমার সাথে আছেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসসান (রাঃ)-কে বলতেন : তুমি আমার পক্ষ হতে কাফিরদেরকে ব্যঙ্গ-বিদ্রূপের জবাব দাও। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসসান (রাঃ)-এর জন্য দু'আ করতেন : হে আল্লাহ! তুমি رُوْحُ الْقُدُسِ তথা জিবরীল-এর দ্বারা হাসসানকে সাহায্য করো। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪১২৩, ৪১২৪; মুসলিম ১৫১-(২৪৮৫), নাসায়ী ৭১৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯৩৩, আহমাদ ৭৩৩২, মুসান্নাফ ‘আবদুর রাযযাক ২৩৫০৯, মুসনাদে আবূ ইয়া‘লা ৫৮৮৫, সহীহ ইবনু খুযায়মাহ্ ১৬৩৭, সহীহ ইবনু হিব্বান ৭১৪৮, সুনানুল নাসায়ী আল কুবরা ৭৯৫, আল মু‘জামুল আওসাত্ব ৬২৮৭, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৪৫২৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (يَوْمَ قُرَيْظَةَ) বানী কুরায়যাহ্ মদীনার এক পার্শ্বে অবস্থানকারী ইয়াহূদী সম্প্রদায় ছিল। তাদেরকে অবরুদ্ধ করে রাখার সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাস্সান -কে এ কথা বলেছিলেন। (মিরক্বাতুল

মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75513

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন